৮

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 03 SEP 1994 ...
পৃষ্ঠা ৮ কলাম ৪ ...

# ১ লক্ষ ৯০ হাজার ছাত্রছাত্রীর কলেজে ভর্তি অনিশ্চিত

রেজানুর রহমান ॥ দেশের ৪টি শিক্ষা বোর্ডে ১৯৯৪ সালের এস,এস,সি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৬ লক্ষ ৮৫ হাজার ৮৩১। পাস করিয়াছে ৪ লক্ষ ৯০ হাজার ৯১ জন। দেশের কলেজসমূহে ভর্তির আসনসংখ্যা রহিয়াছে মাত্র ৩ লক্ষ। ফলে এস,এস,সি উত্তীর্ণ প্রায় ১ লক্ষ ৯০ হাজার ছাত্র-ছাত্রীর পক্ষে কলেজে ভর্তির বিষয়টি অনিশ্চিত হইয়া উঠিতে পারে। প্রথম বিভাগে উত্তীর্ণ অধিকাংশ ছাত্র-ছাত্রীই ভালো কলেজে ভর্তির সুযোগ হইতে বঞ্চিত হইতে পারে। দ্বিতীয় ও তৃতীয় বিভাগে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে কলেজে ভর্তির বিষয়টি আরও জটিল হইয়া উঠিবে। বিশেষ করিয়া ঢাকার নামকরা কলেজগুলিতে ভর্তির ক্ষেত্রে বিভিন্ন বোর্ডে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের কঠিন লড়াইয়ের মুখোমুখি হইতে হইবে। কারণ ৪টি বোর্ডের ২০তম স্থান পর্যন্ত মেধা তালিকায় ১৬০টি স্থানে একক ও যুগ্ম ভাবে। (১১শ পৃঃ দ্রঃ)

## কলেজে ভর্তি অনিশ্চিত

(১ম পৃঃ পর)

দখল করিয়াছে ৪২৪জন ছাত্র-ছাত্রী। এই সংখ্যা। যশোর বোর্ডে ৯৭, রাজশাহী বোর্ডে ১২১, কুমিল্লা বোর্ডে ৯৯ এবং ঢাকা বোর্ডে ১০৭।

ঢাকা বোর্ডে মোট ২ লক্ষ ১৯ হাজার ৮৭২ জন পরীক্ষার্থীর মধ্যে ৯১ হাজার ২১৮ জন প্রথম বিভাগে, ৭৮ হাজার ৭৮৪ জন দ্বিতীয় বিভাগে, ২ হাজার ২৯১ জন তৃতীয় বিভাগে, রাজশাহী বোর্ডের মোট ১ লক্ষ ৬১ হাজার ৫৮৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৫০ হাজার ২৭২ জন প্রথম বিভাগে, ৫৬ হাজার ১২৮ জন দ্বিতীয় বিভাগে, ২ হাজার ৬৯৮ জন তৃতীয় বিভাগে, কুমিল্লা বোর্ডের ১ লক্ষ ৬৮ হাজার ৮০১ জন পরীক্ষার্থীর মধ্যে ৫৭ হাজার ৫৭৮ জন প্রথম বিভাগে, ৪৫ হাজার ৪০৩ জন দ্বিতীয় বিভাগে, ৮৭০ জন তৃতীয় বিভাগে, যশোর বোর্ডের ১ লক্ষ ৩৫ হাজার ৫৭৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৭ হাজার ৪৩ জন প্রথম বিভাগে, ৫৬ হাজার ৫৭১ জন দ্বিতীয় বিভাগে এবং ১ হাজার ৭৪৩ জন তৃতীয় বিভাগে পাস করিয়াছে। পাসের হার ঢাকা বোর্ডে সর্বাধিক (৭৮ দশমিক ৩৬) যশোর বোর্ডে পাসের হার ৭৭ দশমিক ৭১, রাজশাহী বোর্ডে পাসের হার ৬৭ দশমিক ২১ এবং কুমিল্লা বোর্ডে পাসের হার ৬১ দশমিক ৫২।

উল্লেখ্য, গত বছর ৪টি বোর্ডে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণদের সংখ্যা ছিল ৪ লক্ষ ৪ হাজার। এই বছর এই সংখ্যা প্রায় এক লক্ষ বৃদ্ধি পাইয়াছে।